

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭০১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ উট থাকার জায়গায় সালাত আদায় করতে নিষেধ করা হয়েছে এজন্য নয় যে, শয়তান সেখানে থাকে, এই ব্যাপারে দ্বিতীয় হাদীস

ذِكْنُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِأَنَّ الزَّجْرَ عَنِ الصَّلَاةِ فِي أَعْطَانِ الْإِبِلِ لَمْ يَكُنْ ذَلِكَ لِأَجَلِ كَوْنِ الشَّيْطَانِ فِيهَا

আরবী

1701 _ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ إِدْرِيسَ الْأَنْصَارِيُّ قَالَ: أَخْبَرَنَا أَحمد بن أبي بكر عن مالك عن أبي بكْرِ بْنِ عُمَرَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ أَنَّهُ مَالكُ عن أبي بَكْرِ بْنِ عُمْرَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عُمَرَ بْنِ الْخَطَّابِ عَنْ سَعِيدِ بْنِ يَسَارٍ أَنَّهُ قَالَ: كُنْتُ أَسِيرُ مَعَ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ بِطَرِيقِ مَكَّةَ فَلَمَّا خَشِيتُ الصَّبْحَ نَزَلْتُ فَأَوْتَرْتُ فَالَ: فَإِنَّ فَقَالَ: أَلَيْسَ لَكَ فِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أُسْوَةٌ؟ فَقُلْتُ: بَلَى وَاللَّهِ قَالَ: فَإِنَّ رَسُولَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ أُسْوَةٌ؟ فَقُلْتُ: بَلَى وَاللَّهِ قَالَ: فَإِنَّ رَسُولَ اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ أَسُولًا اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا اللَّهِ عَلَيْهِ وَسَلَّمَ كَانَ يُوتِرُ عَلَى البعير

الراوي: سَعِيد بْن يَسَارٍ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1701 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح سنن ابن ماجه)) (1200).

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: لَوْ كَانَ الزَّجْرُ عَنِ الصَّلَاةِ فِي أَعْطَانِ الْإِبِلِ لِأَجَلِ أَنَّهَا خُلِقَتْ مِنَ الشَّيَاطِينِ لَمْ يُصلِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ عَلَى الْبَعِيرِ إِذْ مُحَالٌ أَنْ لَا تَجُوزَ خُلِقَتْ مِنَ الشَّيَاطِينِ لَمْ يُصلِّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ عَلَى الْبَعِيرِ إِذْ مُحَالٌ أَنْ لَا تَجُوزَ الصَّلَاةُ فِي الْمَوَاضِعِ النَّتِي قَدْ يَكُونُ فِيهَا الشَّيْطَانُ ثُمَّ تَجُوزُ الصَّلَاةُ عَلَى الشَّيْطَانِ نَفْسِهِ بَلْ مَعْنَى قَوْلِهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسلَّمَ: (إِنَّهَا خُلِقَتْ مِنَ الشَّيَاطِينِ) أَرَادَ بِهِ أَنَّ مَعَهَا الشَّيَاطِينُ عَلَى سَبِيلِ الْمُجَاوَرَةِ وَالْقُرْبِ

বাংলা



১৭০১. সা'ঈদ বিন ইয়াসার থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমার সাথে মক্কার পথে চলছিলাম, অতঃপর যখন আমি সকাল হয়ে যাওয়ার আশংকা করলাম, তখন নেমে পড়লাম এবং বিতরের সালাত আদায় করলাম। তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের মাঝে কি তোমার জন্য আদর্শ নেই?" আমি বললাম, "হ্যাঁ, অবশ্যই, আল্লাহর কসম!" তখন আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা বলেন, "তবে শুনে রাখো, নিশ্চয়ই রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বাহনের উপরেই বিতরের সালাত আদায় করতেন।"[1]

আবৃ হাতিম রহিমাহল্লাহ বলেন, "উট থাকার জায়গায় সালাত আদায় করার ব্যাপারে নিষেধাজ্ঞা যদি এজন্য হতো যে, উট শয়তান থেকে সৃষ্টি করা হয়েছে, তবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উটের উপর বসে সালাত করতেন না। কেননা এটা অসম্ভব যে, যে জায়গায় শয়তান থাকে, সেখানে সালাত করা জায়েয তারপর খোদ শয়তানের উপর সালাত আদায় করা শুদ্ধ হবে! বরং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী "কেননা উট শয়তান থেকে সৃষ্টি করা হয়েছে" এর দ্বারা উদ্দেশ্য হলো শয়তান তার কাছাকাছি থাকে।"

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/১২৪; মুসনাদ আহমাদ: ২/৫৭; সহীহ মুসলিম: ৭০০; নাসাঈ: ৩/২৩২; ইবনু মাজাহ: ১২০০; দারেমী: ১/৩৭৩; আবূ আওয়ানা: ২/৩৪২; তাহাবী, শারহু মা'আনিল আসার: ১/৪২৮; সুনান বাইহাকী: ২/৫; মুসান্নাফ্ ইবনু আবী শায়বাহ: ২/৩০৩; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৫১৮; সহীহ আল বুখারী: ১০০০; সহীহ ইবনু খুযাইমাহ: ১২৬৪।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (সহীহ সুনান ইবনু মাজাহ: ১২০০)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সা'ঈদ ইবনু ইয়াসার (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন